



বিদ্যামন্দির প্রাক্তনীবার্তা

সাঁইত্রিশতম বর্ষ (প্রথম সংখ্যা), জানুয়ারি, ২০২৬



**Ramakrishna Mission Vidyamandira
Alumni Association**

P.O.: Belur Math, Howrah, West Bengal-711202

সম্পাদকীয়

ইতিমধ্যে অনেকের ডায়েরিতে নিশ্চয় আগামী ৮ ফেব্রুয়ারি, রবিবার দিনটি চিহ্নিত করা হয়ে গেছে। কারণ ঐদিন বিদ্যামন্দিরে আয়োজিত হবে অন্যতম বড় একটি ইভেন্ট — পুনর্মিলন উৎসব। এই প্রাক্তনীবার্তা প্রকাশের আগেই দূরে থাকা বিদ্যামন্দির পরিবারের কেউ কেউ হয়ত ঘরে ফেরার প্রস্তুতি নিয়ে ফেলেছেন, যে ঘরে তাঁদের অতিবাহিত হয়েছে জীবনের কয়েকটি মূল্যবান বছর। ছাত্র-শিক্ষক-শিক্ষাকর্মী-ছাত্রাবাসকর্মী ও মহারাজদের সঙ্গে মিলনোৎসবের আর একটি দিন সমাগতপ্রায়। পুরোনো স্মৃতি রোমন্থন, ছাত্রজীবনের বন্ধুত্ব-হাসি-ঠাট্টা, শিক্ষকদের স্মৃতি, বর্তমান জীবনের প্রাপ্তি-অপ্রাপ্তি, ভবিষ্যতের প্রত্যাশা, কলেজের দিনগুলির আনন্দ—সব মিলিয়ে এক

নস্টালজিয়া যা সবাইকে আবেগাপ্লুত ও উজ্জীবিত করে তুলবে। সম্পর্কের বাঁধন নতুন করে মজবুত করবে। এই মিলন শুধু অতীতকে আঁকড়ে থাকা নয়, বরং বর্তমানকে উপভোগ করা এবং ভবিষ্যৎকে নতুন করে সাজানোরও এক সুযোগ। কর্মজীবনে অনেকেই আজ প্রতিষ্ঠিত কিন্তু বিদ্যামন্দিরে ছাত্রজীবনের সেই পরিচিতি, সেই সরল সম্পর্কগুলো আজও অমলিন। জীবন বদলালেও আমাদের শেকড় একই জায়গায় প্রোথিত। সকলকে সপরিবারে আমন্ত্রণ রইল। আপনাদের উপস্থিতিতে সারাদিন বিদ্যামন্দির হোক উৎসবমুখর ও কোলাহলে ভরে উঠুক বিদ্যামন্দির প্রাঙ্গণ।

—সুশান্ত দে, প্রধান সম্পাদক

প্রাক্তনীবার্তা উপসমিতি ও সম্পাদকমণ্ডলী

আহ্বায়ক ও প্রধান সম্পাদক : সুশান্ত দে

সদস্যবৃন্দ : স্বামী মহাপ্রজ্ঞানন্দ (অধ্যক্ষ), বিশ্বনাথ দাস, নিত্যানিরঞ্জন কুণ্ডু, তপন কুমার ঘোষ, গৌতম মুখোপাধ্যায়, অভিজিৎ মাইতি, শুভেন্দু মজুমদার (কর্মসচিব)।

পৃষ্ঠা বিন্যাস ও অলঙ্করণ : প্রাক্তনীবার্তা উপসমিতির সদস্যবৃন্দ।



নিয়মিতভাবে প্রাক্তনী সংসদ ও বিদ্যামন্দিরের বিভিন্ন কার্যাবলী সম্পর্কে জানতে সংসদের ফেসবুক পেজ ফলো করুন— Link: <https://www.facebook.com/VidyamandiraAlumni>

✉ Email: alumnividyamandira@gmail.com

Website: www.alumnividyamandira.in

“We want that education by which character is formed, strength of mind is increased, the intellect is expanded, and by which one can stand on one's own feet.”

—Swami Vivekananda



রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ

২৯তম পুনর্মিলন উৎসব : ৮ ফেব্রুয়ারি, ২০২৬ (রবিবার)

সম্ভাব্য অনুষ্ঠানসূচী

শ্রীভবন প্রার্থনাকক্ষে পূজানুষ্ঠান	সকাল ৭.০০
বিদ্যামন্দির প্রাঙ্গণে পতাকা উত্তোলন	সকাল ৮.০০
প্রাতরাশ	সকাল ৮.০০-১০.০০
প্রদর্শনী ভলিবল ও ব্যাডমিন্টন ম্যাচ	সকাল ৯.০০-১০.০০
সাংস্কৃতিক অনুষ্ঠান ও স্মৃতিচারণা*	সকাল ১০.০০-১২.০০
মধ্যাহ্নভোজ	দুপুর ১.০০
পুনর্মিলন সভা	দুপুর ২.৩০-৪.৩০
চা পান	বিকাল ৪.৩০-৪.৪৫
সাক্ষ্য সাংস্কৃতিক অনুষ্ঠান	বিকাল ৫.০০-৬.১৫
সন্ধ্যারতি	সন্ধ্যা ৬.৩০

*অনুষ্ঠানে অংশগ্রহণের জন্য অগ্রিম যোগাযোগ করুন : গৌতম মুখোপাধ্যায় (৯৮৩০১৮৮৮০৫)

কয়েকটি জরুরী তথ্য

- ❖ এবারের পুনর্মিলনে প্রাক্তনীদেবের জন্য নির্ধারিত প্রদেয় অনুদান মাথাপিছু ৪০০ (চার শত) টাকা এবং প্রাক্তনীদেবের সঙ্গে আগত অতিথিদের জন্য প্রদেয় অনুদান মাথাপিছু ২৫০ (দুই শত পঞ্চাশ) টাকা।
- ❖ বয়স্কদের জন্য ক্যাম্পাসে হুইল চেয়ার, ই-রিক্সা (টোটো) ও বিশ্রামকক্ষ থাকবে।
- ❖ কলেজের মূল ভবনে লিফ্ট আছে, প্রয়োজনে স্বেচ্ছাসেবকদের সহায়তা নিতে অনুরোধ করি।
- ❖ বিদ্যামন্দিরের ফুটবল মাঠে গাড়ি পার্কিং-এর ব্যবস্থা থাকবে।
- ❖ পুনর্মিলনে যোগদানের জন্য যোগাযোগ করতে পারেন শ্রী গৌতম মুখোপাধ্যায়, যুগ্ম-আহ্বায়ক, পুনর্মিলন উপসমিতি (মোবাইল ৯৮৩০১৮৮৮০৫)।
- ❖ বিজ্ঞাপনের জন্য যোগাযোগ করুন : শ্রী সুশান্ত দে (মোবাইল ৯৪৩৩৩৪৬৩৫৩)।

সবার সপরিবার সাদর আমন্ত্রণ রইল

—শ্রী শুভেন্দু মজুমদার, কর্মসচিব

আনন্দ সংবাদ

- ❖ ভারত সরকারের রাষ্ট্রীয় বিজ্ঞান পুরস্কার ২০২৫-এর অধীনে বিজ্ঞান যুব-শান্তিস্বরূপ ভাটনগর (VY-SSB) পুরস্কারে সম্মানিত হয়েছেন প্রাক্তনী শ্রী সব্যসাচী মুখার্জী (২০০৪-০৭, গণিত)। ২৩ ডিসেম্বর, ২০২৫ তারিখে ভারতের রাষ্ট্রপতির হাত থেকে তিনি পুরস্কার গ্রহণ করেন। এছাড়াও তিনি Mathematical Science-এ Infosys Prize ২০২৫ পুরস্কারও পেয়েছেন। ১০ জানুয়ারি ২০২৬ তারিখে Infosys Foundation তাঁকে সম্মানিত করে। শ্রী মুখার্জী বর্তমানে মুম্বাইয়ের টাটা ইন্সটিটিউট অফ ফাউন্ডামেন্টাল রিসার্চের গণিত বিভাগের অ্যাসোসিয়েট প্রফেসর।
- ❖ বিদ্যামন্দিরের ফলিত রসায়ন বিভাগের গবেষক আসাদুল আদলদার সম্প্রতি 'Young Scientist' মনোনীত হয়েছেন। তিনি গত জুন-জুলাই, ২০২৫-এ জার্মানির লিডাওতে আয়োজিত ৭৪-তম Nobel Laureate Meeting (Chemistry)-তে অংশগ্রহণ করেন।
- ❖ ২০০৮ সালে মাধ্যমিকে ৮৬.২৫% নম্বর পেয়েও সংসার সামলানোর জন্য পড়াশোনা ছেড়ে সমুদ্রে মাছ ধরতে যান সেদিনের হতদরিদ্র মৎস্যজীবী পরিবারের ছেলে যাদব মাজি। ঐ স্কুলের প্রধান শিক্ষক শ্রী বসন্ত কুমার ঘোড়াই ফাস্ট বয়ের খোঁজ না পেয়ে যাদবের বাড়িতে গিয়ে জানতে পারেন যাদব মাছ ধরতে গিয়েছে। দরিদ্রতার কথা জানতে পেরে নিজের বাড়িতেই যাদবকে ঠাঁই দেন বসন্তবাবু। সেখান থেকেই বসন্তবাবুর হাত ধরে শুরু হয় যাদবের যাত্রা। দুবছর পর 'উচ্চ' মাধ্যমিকে সায়েন্স নিয়ে প্রথম বিভাগে উত্তীর্ণ হন যাদব। এরপর বসন্তবাবু নিজেই যোগাযোগ করেন বেলুড় বিদ্যামন্দিরের মহারাজদের সাথে। তাঁদের সঙ্গে কথা বলে রসায়ন বিভাগে ভর্তি করে দেন যাদবকে (২০১০-১৩)। পরে মুম্বাই আইআইটি থেকে মাস্টার্স করেন যাদব। ২০১৬ সালে কানাডার কুইন্স ইউনিভার্সিটি যাদবকে জৈব রসায়ন নিয়ে গবেষণা করার সুযোগ দেয়। সেখান থেকে ডক্টরেট করে পর পর দুটি পোস্ট ডক্টরেট করেন যথাক্রমে মার্কিন যুক্তরাষ্ট্রের পেনসিলভেনিয়া ইউনিভার্সিটি এবং ইউনিভার্সিটি অফ টেক্সাস অ্যাট ডালাস থেকে। ২০২৫-এর সেপ্টেম্বরে যাদব ধানবাদ আইআইটিতে অ্যাসিস্টেন্ট প্রফেসর হিসেবে যোগ দিয়েছেন। যাদবের সাফল্যের খবরে অকাল উৎসব গোটা গ্রামে। প্রধান শিক্ষক শ্রী বসন্ত কুমার ঘোড়াই মহাশয়কেও প্রাক্তনী সংসদ সাধুবাদ জানায়। কারণ তাঁরই বদান্যতায় এবং সক্রিয় সহযোগিতায় শ্রী যাদব আজ এই সাফল্যের আকাশে পাড়ি দিতে সক্ষম হয়েছে। যাদবের এই কাহিনি যেন আজ শিখিয়ে দিচ্ছে—“যেখানে দেখিবে ছাই, উড়াইয়া দেখ তাই, পাইলেও পাইতে পার অমূল্য রতন”।
- ❖ বিদ্যামন্দিরের প্রাক্তনী শ্রী দিলীপ কুমার মাইতি (১৯৮৮-৯১, রসায়ন) ২০২৩ সালের অক্টোবরে বিশ্ব বাংলা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য নিযুক্ত হয়েছেন। প্রসঙ্গত, তিনি ২০০৫ সাল থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের প্রফেসর হিসাবে শিক্ষাদান করছেন।

বিদ্যামন্দির পরিবার এঁদের সকলের জন্য গর্বিত।

প্রয়াণ বার্তা

- গত ৪ অক্টোবর, ২০২৫ আমাদের ছেড়ে চলে গেলেন বিদ্যামন্দিরের ১৯৫৫-৫৭ শিক্ষাবর্ষের প্রাক্তনী আশীষ রায়—আমাদের সকলের প্রিয় আশীষদা। দীর্ঘদিন নানা শারীরিক সমস্যা ভুগছিলেন। তৎসত্ত্বেও তিনি প্রাক্তনী সংসদের সঙ্গে যোগাযোগ বজায় রেখেছিলেন। তিনি ছিলেন সংসদের কর্মসমিতির অন্যতম পৃষ্ঠপোষক। ১৯৭৫-এ বিদ্যামন্দিরে নবপর্যায়ে পুনর্মিলন অনুষ্ঠান শুরু হওয়ার সময় থেকেই তিনি প্রাক্তনীদের নানাবিধ কাজকর্মের সঙ্গে নিজেকে ঘনিষ্ঠভাবে

জড়িয়ে নেন। সভাসমিতিতে তাঁর উপস্থিতি এক ভিন্নতর মাত্রা যোগ করত। কর্মজীবনে তিনি ছিলেন শিবপুর দীনবন্ধু কলেজের রাষ্ট্রবিজ্ঞান বিভাগের অধ্যাপক। নানাবিধ সামাজিক কাজকর্মে নিজেকে যুক্ত রাখতেন। তাঁর প্রয়াণে প্রাক্তনী সংসদ অনেকটাই অভিভাবকহীন হয়ে পড়ল। প্রয়াণসংবাদ পাবার পর সংসদের কয়েকজন সদস্য তাঁর বাড়িতে গিয়ে শোকসন্তপ্ত পরিবারবর্গের প্রতি আন্তরিক সহানুভূতি জানিয়ে আসেন। তিনি যেখানেই থাকুন তাঁর সদাহাস্যময় মুখটি আমাদের স্মৃতিপটে বহুকাল আঁকা থাকবে।

- বিদ্যামন্দিরের অন্যতম প্রাক্তনী শ্রী তাপস গুহ (১৯৭৪-৭৭) গত ১৭ নভেম্বর, ২০২৫ তারিখে দুরারোগ্য ক্যান্সার রোগে আক্রান্ত হয়ে পরলোক গমন করেছেন। বিদ্যামন্দিরে মেইন বিল্ডিংয়ে একটি মূল্যবান ওয়াটার কুলার এবং ফিজিক্স ও কেমিস্ট্রি বিল্ডিংয়ের প্রয়োজনীয় সংস্কারকল্পে তিনি বড় মাপের অর্থসাহায্য করেছেন।
- গত ২৪ ডিসেম্বর ২০২৫ তারিখে ৯২ বছর বয়সে প্রয়াত হয়েছেন বিদ্যামন্দিরের প্রাক্তনী সাধন কুমার মাপা (১৯৫০-৫২, আই.এস.সি.)। তিনি কর্মজীবনে প্রেসিডেন্সিসহ পশ্চিমবঙ্গের বিভিন্ন সরকারি কলেজে গণিত বিভাগে অধ্যাপনা করেছেন। অবসরের পর অতিথি অধ্যাপক হিসাবে বেশ কয়েকটি বছর বিদ্যামন্দিরে সেবাদান করেন।

শ্রীশ্রীঠাকুর, শ্রীশ্রীমা ও স্বামীজীর কাছে এঁদের সকলের বিদেহী আত্মার চিরশান্তি প্রার্থনা করি এবং এঁদের শোকসন্তপ্ত স্বজনবর্গকে জানাই আন্তরিক সমবেদনা।

প্রকাশনা সংবাদ

- ❖ ১৫ আগস্ট ২০২৫-এ বিদ্যামন্দিরে রানি রাসমণি স্মারক বক্তৃতার শেষে প্রকাশিত হল প্রাক্তনী ড. বিশ্বনাথ দাসের ‘চরণতীর্থে তব’। রানি রাসমণি, মথুরামোহন বিশ্বাস, সর্বস্বামী—তুরীয়ানন্দ, রামকৃষ্ণানন্দ, মাধবানন্দ, তেজসানন্দ, রঙ্গনাথানন্দ, তথাগতানন্দ, গোকুলানন্দ, স্মরণানন্দ, বাগীশানন্দ, প্রভানন্দ, শিবময়ানন্দ প্রমুখ রামকৃষ্ণ পরিমণ্ডলের সঙ্গে যুক্ত, বর্তমানে প্রয়াত, ষোলোজন পুণ্যাত্মাকে নিয়ে এই সংকলন। প্রত্যেকের সংক্ষিপ্ত জীবনী, সমাজ ও জাতীয় জীবনে তাঁদের অবদান এবং যেখানে প্রযোজ্য লেখকের সঙ্গে ব্যক্তিগত পরিচিতির প্রসঙ্গ—এ সব স্থান পেয়েছে সুখপাঠ্য সংকলনটিতে। বিদ্যামন্দির কর্তৃক প্রকাশিত এই গ্রন্থটির একটি মূল্যবান ভূমিকা লিখেছেন অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দজী।
- ❖ প্রাক্তনী তপন কুমার ঘোষের ভ্রমণগ্রন্থ ‘যেতে যেতে পথে’ প্রকাশিত হয়েছে ২৫ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে। সাতটি অধ্যায়ে বিভাজিত, ১৬০ পৃষ্ঠার বইটিতে দেওঘর, হিমালয়, আসাম, ভুটান প্রভৃতি জায়গায় বেড়ানোর অভিজ্ঞতা রূপ পেয়েছে। ‘চিত্রমালা’ অংশটিতে ভ্রমণস্থানগুলোর কিছু রঙিন ছবি পাঠকের কল্পনাকে চাক্ষুষ করে তোলে। পাহাড়-নদী-ভূমির কোলাজের সহাবস্থানে প্রচ্ছদটিও আকর্ষণীয় হয়েছে। প্রখ্যাত সাহিত্যিক রামকুমার মুখোপাধ্যায় ‘ঘরের বাইরে দোর, দোরের বাইরে দেশ’ শিরোনামে লেখা ভূমিকাটি অতিরিক্ত পাওনা। বাঙালির ভ্রমণস্পৃহা আর মনের মাধুরি মিশিয়ে ভ্রাম্যমান স্থানগুলিকে দেখা বইটির বৈশিষ্ট্য। টুকরো এবং বিস্তৃত নানা অভিজ্ঞতা, প্রকৃতির উজাড় করা সৌন্দর্য আর তার মাঝে মানুষের নিত্যসঙ্গমে সমৃদ্ধ অনুভব বইটিতে কালো অক্ষরে জীবন্ত হয়ে উঠেছে। লেখার মধ্যে একধরনের বৈঠকি চাল আছে। যেন বৈঠকখানায় বসে চায়ের কাপ হাতে স্বজন-পরিজনের কাছে স্মৃতির বাঁপি খুলে গল্প করতে বসেছেন লেখক। লেখার সাবলীল গতি স্বচ্ছতোয়া নদীর মতই—নির্মেদ ও সচল। পড়তে পড়তে পাঠকের কল্পনা বইয়ের পৃষ্ঠা থেকে ডানা মেলে উড়ে যাবে ভ্রমণস্থানগুলোর আনাচে কানাচে—মানস ভ্রমণের আমেজ তৃপ্ত করবে পাঠকের ভ্রমণ পিপাসাকে।

Outreach Programme—একটি প্রতিবেদন

গত ১৩ সেপ্টেম্বর, ২০২৫ তারিখে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ, বেলুড় মঠ-এর উদ্যোগে আয়োজিত হয় Community Outreach Programme। সংসদের তরফ থেকে এই কর্মসূচি প্রতি বছর দুবার করার চেষ্টা করা হয়—একটি শারদীয়ার প্রাক্কালে নতুন বস্ত্র প্রদান, আর একটি শীতের প্রাক্কালে শীতবস্ত্র বিতরণের মাধ্যমে।

এবছর শারদীয়ার প্রাক্কালে নতুন বস্ত্র প্রদান উপলক্ষ্যে আমাদের গন্তব্যস্থল ছিল ঝাড়গ্রাম জেলার অন্তর্গত প্রত্যন্ত আদিবাসী অঞ্চল রামগড়, যার অবস্থান একসময়ে সংবাদের শিরোনামে থাকা আরেক প্রত্যন্ত আদিবাসী অঞ্চল লালগড়ের সন্নিগটে। এখানে সংসদের তরফ থেকে ১০০ জন আদিবাসী মহিলা ও ৫০ জন আদিবাসী পুরুষের হাতে যথাক্রমে শাড়ি ও লুঙ্গি তুলে দেওয়া হয়। এছাড়াও সংসদের তরফ থেকে লালগড় অঞ্চলের ৫ জন কলেজ পাঠরতা আদিবাসী ছাত্রীর হাতে ২০০০ টাকা করে মোট ১০,০০০ টাকা এককালীন অনুদান দেওয়া হয়। এই অঞ্চল ও ছাত্রী নির্বাচনের ক্ষেত্রে আমরা যাঁর সাহায্য পেয়ে ধন্য হয়েছি তিনি হলেন লালগড় রামকৃষ্ণ মঠের দায়িত্বে থাকা স্বামী দেববরানন্দজী মহারাজ।



লালগড় মঠ (বামদিকে) ও ঝাড়গ্রাম মিশনে (ডানদিকে) ছাত্রীদের স্কলারশিপ প্রদান



রামগড় অঞ্চলে সেবাকর্মে প্রাক্তনী সংসদের প্রতিনিধিরা

এই অনুষ্ঠানটি সম্পন্ন করার আগে আমরা উপস্থিত হয়েছিলাম ঝাড়গ্রাম রামকৃষ্ণ মিশনে। এখানে মিশনের তত্ত্বাবধানে থাকা কেবলমাত্র আদিবাসী ছাত্র-ছাত্রীদের জন্য একটি উচ্চ বিদ্যালয় আছে। এই উচ্চ বিদ্যালয় থেকে পাশ করা বর্তমানে কলেজ পড়ুয়া ৪ জন ছাত্রী ও ১ জন ছাত্রের হাতে সংসদের তরফ থেকে ৩০০০ টাকা করে মোট ১৫০০০ টাকা এককালীন অনুদান তুলে দেওয়া হয়। এখানে এই ছাত্র-ছাত্রী নির্বাচনের ক্ষেত্রে যিনি আমাদের সাহায্য করে ধন্য করেছেন তিনি হলেন এই ঝাড়গ্রাম রামকৃষ্ণ মিশনের দায়িত্বে থাকা স্বামী বেদপুরুষানন্দজী মহারাজ।

সমগ্র কার্যক্রমে সংসদের তরফ থেকে উপস্থিত ছিলেন শ্রী শুভেন্দু মজুমদার (সম্পাদক), শ্রী অনুপ কুমার দাস (যুগ্ম-সম্পাদক), শ্রী শুভজিৎ দত্ত (যুগ্ম-সম্পাদক), শ্রী সুশান্ত দে (সদস্য, কার্যকরী সমিতি), শ্রী আশিস কুমার সিনহা (সদস্য, কার্যকরী সমিতি) ও শ্রী মৈনাক ঘোষ (অংশকালীন কর্মচারী ভাই)।

News from Vidyamandira

(June, 2025 to November, 2025)

1) Seminars & Lectures:

a) Memorial Lecture: The following Memorial/Endowment Lectures were organized during the said period:

Date	Memorial/Endowment Lecture	Topic	Speaker
16-07-2025	Swami Vimuktananda Memorial Lecture	Foundation Day Oration	Sri Shakti Prasad Mishra, RKM Institute of Culture, Golpark
02-09-2025	Gora Chand Sen Memorial Seminar	Global Geopolitical Challenges and India	Prof. Anindya Jyoti Majumdar, Director, Jadavpur University
09-09-2025	Dr. Rajesh Karmakar Memorial Lecture	Story of phase Transitions : From mean field dynamics to emergence of critical fluctuations	Prof. Mintu Mondal, Indian Association for the Cultivation of Science
13-09-2025	Dr. Satybrata Pahari Memorial Lecture	কারণের স্বরূপ ও তার ভেদ	Dr. Santu Singh, Associate Prof., Bankura University
16-09-2025	Prof. Sibani Manna Memorial Lecture	Cancer Research : Choosing the right model for the right question	Dr. Dwijit Guhasarkar, Scientist, Tata Translational Cancer Research Centre, Kolkata
22-09-2025	Wasim Ali Memorial Lecture	Ecosophy of Resource productivity and Sustainability - it's coupling with human Economy	Prof. Sumit Home Chaudhuri, Former HoD, Zoology Dept., Calcutta University
21-11-2025	Upendranath Bandyopadhyay Memorial Lecture	The Messages of Sri Sri Ramakrishna	Revered Srimat Swami Jnanavratanandaji Maharaj, Manager, Ramakrishna

		Kathamrita	Math and Mission, Belur Math
--	--	------------	------------------------------

b) Special Lecture and Weekly Seminar: Weekly & Departmental seminars, Extension & Special Lectures organized during the period are enlisted below:

Date	Topic	Speaker
01-07-2025	Aesthetical Impact on New Education Policy (NEP-2020)	Prof. Mrinal Kanti Sarkar, Asst. Prof. in Design & Aesthetic, Silpa - Sadana, Viswa - Bharati
10-07-2025	How do we learn anything	Dr. Pritam Mandal, Assistant Prof., Michigan Technological University, USA
15-07-2025	Academic Research, Higher Studies & Professional Journey	Dr. Amit Maji, Mathematics Dept., IIT, Roorkee
19-07-2025	Youth Leadership & Well-being	1) Mr. Adarsh Chowdhury, Founder of Edmac, Leadership & Wellness Coach 2) Mrs. Arpita Kayal, Author, Editor, Leadership & Wellness Coach
20-07-2025	Women Empowerment	Mrs. Arpita Kayal, Author, Editor, Leadership & Wellness Coach
21-07-2025	Artificial Intelligence	Dr. Rishov Mukhopadhyay, Founder, Open Edge Science, Netherland Proteomics Center, Utrecht University
22-07-2025	Field Techniques for Community and Population Studies	Mr. Arpan Saha, IISER, Thiruvananthapuram
25-07-2025	How to build career in the light of the life and teachings of Swami Vivekananda	Swami Vedatitananda, Correspondent, RKM Shilpamandira, Belur Math
26-07-2025	Non-coding RNAs— new players in disease developments	Prof. Angshuman Bagchi, Dept. of Biochemistry & Biophysics, Kalyani University
26-07-2025	1) Nonlocal ordered Mean curvature with Integrable Kernel 2) Weak solutions of differential equations	1) Dr. Animesh Biswas, Missouri State University, USA 2) Dr. Shirshendu Chowdhury, Indian Institute of Science Education and Research
28-07-2025	Nurturing Budding Poets	Prof. Gopal Chandra Bayen, Associate Prof., Bengali Dept., RKMVM
31-07-2025	How to Lead a peaceful Life	Swami Mahaprajnananda, Principal, RKMV

11-09-2025 to 13-09-2025	Bioinformatics & Structural Biology	1) Dr. Arindam Roy, 2) Dr. Santanu Maitra, 3) Dr. Sudipto Mondal, Microbiology Dept., RKMV
01-08-2025	Zoology Horizons	Mr. Debdyuti Bhadra, Centre of Neuroscience, IISc, Bangalore
02-08-2025	Genes, Genetic Disorder and Cancer	Dr. Jagat Kumar Roy, Former Prof., Benaras Hindu University
06-08-2025	1) The Care of the Self and the Foreigner's Question: the Thought of a Planetary Future, Perhaps 2) "Like a Shy Nartakī": The Mattering of Gender in the Sāṃkhyakārikā	1) Dr. Anirban Bhattacharjee, English Dept., Shantipur College, Nadia 2) Dr. Tuhin Bhattacharjee, Philosophy Dept., DePaul University, Chicago, Illinois, USA
08-08-2025	Casual Analysis of Labor Market Outcome - Exposure, Match, and Labor Market Premium	Dr. Tutan Ahmed, Asst. Prof., IIT Kharagpur
09-08-2025	Atmospheric Chemistry of Greenhouse Gases	Dr. Aparajeo Chattopadhyay, University of Rochester, USA
10-08-2025	1) মানসিক স্বাস্থ্যের মিথ বনাম বাস্তবতা : কাউন্সেলিং-এর মাধ্যমে প্রতিকার 2) মানসিক স্বাস্থ্যের উপর আঘাতের প্রভাব ও নিরাময়ের পথ	1) Prof. Sadhan Dasgupta, HoD, Applied Psychology, Calcutta University 2) Dr. Sukanto Sarkar, HoD, Psychiatry, AIIMS, Kalyani
12-08-2025	Indian Nationalism	Prof. Bhaskar Chakraborty, Former Centenary Prof., Calcutta University
21-08-2025	GATE & JAM Examinations	Prof. Rajakumar Ananthakrishnan, Zonal Chairman, IIT
22-08-2025	NPTEL Awareness - Workshop	Dr. Shib Shankar Das, Senior Management, NPTEL, IIT, Madras
23-08-2025	SPARSH: Strategic Communication to Lead Well	Col. Dr. Shantonu Roy
30-08-2025	Cyber Security Awareness	Mr. Ashutosh Maurya, Cisco Certified Trainer
31-08-	শ্রীরামকৃষ্ণ সংঘে পূজার মহিমা	Swami Shashtrajananda, Secretary, RKM

2025		Narendrapur
06-09-2025	Aesthetical Secret of Life-Long Energy	Prof. Mrinal Kanti Sarkar, Asst. Prof. in Design & Aesthetic, Silpa - Sadhana, Viswa - Bharati
06-09-2025	He is Special : A store of Low Temperature	Prof. Tusharkanti Dey, Asst. Prof., IIT Dhanbad
12-09-2025	Data Science & Artificial Intelligence	Mr. Souvik Das, Associate Partner, Global Solutioning GenAI Leader
13-09-2025	What is Education? according to Swami Vivekananda	Sri Anup Roychowdhury, Writer and Documentary Film Maker
13-09-2025	The Power of Law of Attraction	Sri Mrinal Chakraborty, Mental Toughness Trainer, Motivational Speaker
21-09-2025	মাতৃসঙ্গীত ও শ্রীরামকৃষ্ণ	Swami Sarvaganandaji Maharaj, An acclaimed singer in Ramakrishna Vedanta Spiritual Tradition, Secretary, RKM Mission, Lumdung
24-09-2025 to 25-09-2025	শ্রীরামকৃষ্ণ সংঘে পূজার ঐতিহ্য ও প্রাচীন সাধুদের কথা	Revered Srimat Swami Divyanandaji Maharaj, Vice-President, Ramakrishna Math and Ramakrishna Mission
08-11-2025	Why Swamiji? His guidance and relevance in shaping true leaders	Sri Subir Bandhyapadhyaya
08-11-2025	ব্যবহারিক প্রয়োগ ও উৎকর্ষতায় পাতঞ্জল যোগদর্শন	Swami Arjesanandaji Maharaj, Publication-in-charge, Udbodhan
11-11-2025	Careers in Financial Management & IT	1) Prof. Gabriel Hawawini, Former Dean, INSEAD 2) Prof. B.H. Jajoo, Former Dean, IIM Ahmedabad 3) Mr. Pinaki Bhattacharya, Distinguished Columnist & Reporter
15-11-2025	বাংলার শাক্তগীতি এবং রামকৃষ্ণ বিবেকানন্দ ভাবপরম্পরা	Swami Suklesanandaji Maharaj, Principal, RKM Boys' Home Industrial Training Center, Rahara
21-11-2025	Role of Expectations in Macro-economics and Econometrics	Prof. Siddhartha Chattopadhyay, Humanities & Social Science Dept., IIT Kharagpur
23-11-2025	আবৃত্তি : ছন্দে ও আনন্দে	Bratati Bandyopadhyay & Bratati Parampara's Instructor

24-11-2025	Consciousness : Ancient and Modern Perspective	Swami Sarvapriyananda, Minister-in-Charge, Vedanta Society of New York
26-11-2025	Constitution Day & its Significance	Prof. Indrashis Banerjee, HoD, Pol. Sc. Dept., RKMV

3) Activities of NSS & NCC wings of Vidyamandira:

The NSS wing organised the following:

(a) A Tree Plantation program took place at Ramakrishna Mission Vidyamandira (Bose House Campus, Rishra) on 6th July 2025, at Ramakrishna Mission Vidyamandira on 15th August 2025. (b) An interactive session with all UG students was held on 23rd July 2025. (c) A Free Medical Check-up Camp was conducted on 25th July 2025. (d) A motivational seminar on ‘Social Service & Blood Donor Motivation’ was held on 22nd August 2025. (e) A ‘Blood Donation Camp’ was organized on 3rd September 2025. An Awareness Programme on ‘Health is wealth’ and ‘Students’ Scholarship’ & Distress Relief work were held at Banshpahari, Binpur-2, Jhargram and Katuchua, Belpahari, Jhargram on 20th September 2024. (f) Sharadia Cloth Distribution program was held on 13th September 2025 & 21st September 2025.

4) Cultural Events:

- (a) **Observance of 79th Independence Day:** 79th Independence Day was observed at college campus on 15th August, 2025.
- (b) **Vidyarthi Vrata Homa & Bhratrivarana Ceremony** was celebrated on 4th September 2025 at College Campus.
- (c) **Observance of Constitution Day:** Constitution Day was observed on 26th November 2025 at the College Campus.

5) Teachers’ Achievements:

- (i) **Dr. Arindam Sarkar**, HoD, Computer Science & Electronics Dept., has been conferred with the Eminent Chief Information Officer (CIO) of India award on 4th July 2025 at Hyaat Regency, New Delhi for his extraordinary contribution on leaders who demonstrate exceptional vision in technology, strategic alignment with business and social needs.
- (ii) **Dr. Uttam Kumar Ghorai**, HoD, Industrial & Applied Chemistry Dept. has been selected to participate in the Emerging Science, Technology and Innovation Conclave (ESTIC-2025) from 3rd to 5th November 2025 at Bharat Mandapam, New Delhi.

6) Students’ Achievements:

- (I) **Sri Sundar Chattopadhyay** (Mathematics, UG-II), **Sri Agnik Debnath** (Economics, UG-II) & **Sri Shubharthi Dutta** (Economics, UG-II) participated in Students Premier League (Quiz) and secured 1st position in the event. (II) Students from Computer Science Dept. **Sri Arnab Maity** (UG-III), **Sri Rajkumar Das** (UG-III) & **Sri Namra Samanta** (Research Assistant) secured 1st position, **Sri Anirban Santra** (PG-II) & **Sri Arkaprava Chakraborty** (PG-II) secured 2nd

position and **Sri Oushik Bhaduri** (UG-II), **Sri Sagnik Kumar** (UG-II) & **Sri Somdipta Panja** (UG-II) secured 3rd position at IETE Eastern Zonal Seminar on IoT & Sustainable Society (IoTSS 2025) at Dinabandhu Andrews Institute of Technology & Management, Kolkata. (III) Students from Sanskrit Dept. **Sri Niladri Bandyopadhyay** (UG-III) secured 1st position, **Sri Sayan Nayek** (UG-II) secured 2nd position and **Sri Sagar Das** (UG-III) secured 3rd position at ‘গীতা আবৃত্তি প্রতিযোগিতা’. (IV) **Sri Meghdeep Banerjee** (History, UG-III) has secured 1st position in Elocution at Annual Cultural Competition organised by RKM Swami Vivekananda’s Ancestral House. (V) **Sri Gourab Das** (Computer Science, PG-II) has been awarded the Research Excellence Award at the 3rd International Conference on Emerging Trends & Innovation (ICETI 2025).

7) Some other Information:

- Ramakrishna Mission Vidyamandira has received “Ananda Sisksha Shrestha Samman 2025” by ABP Ananda Group on 13th June 2025 at Lake Club, Kolkata.
- A team of UG & PG students from the college performed the Gitinatya “Kaliya Daman” in Ram Chandra Memorial Lecture Program on 8th June 2025 at Ramakrishna Math (Yogodyan), Kankurgachi, Kolkata.

বার্ষিক সাধারণ সভা, ২০২৫ : একটি সংক্ষিপ্ত প্রতিবেদন

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের ৩৮ তম বার্ষিক সাধারণ সভা গত ১৫ আগস্ট, ২০২৫ দুপুর ২.৩০-এ বিদ্যামন্দিরের বিবেকানন্দ হলে অনুষ্ঠিত হয়।



বার্ষিক সাধারণসভায় প্রাক্তনী সংসদের সদস্যরা

বিদ্যামন্দিরের পরম্পরা মেনে অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ মহারাজ ও উপাধ্যক্ষ ব্রহ্মচারী তত্ত্বচৈতন্য মহারাজ কর্তৃক বৈদিক মন্ত্রোচ্চারণের

পরে প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ মহাশয়ের সভাপতিত্বে সভা শুরু হয়। প্রথমে বিগত বার্ষিক সাধারণ সভার পর যে সকল সদস্য বা প্রাক্তনী পরলোকগমন করেছেন তাঁদের বিদেহী আত্মার শান্তি কামনা করে এক মিনিট নীরবতা পালন করা হয়।

অতঃপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ বিগত এক বছরে বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য কার্যাবলী সংক্ষেপে তুলে ধরেন। প্রাপ্ত কিছু তথ্য হলো— বিদ্যামন্দিরের বর্তমান ছাত্র সংখ্যা প্রায় ৯৫০ জন, দ্বিতীয় ক্যাম্পাসে অর্থাৎ রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাসে বর্তমানে ৪৫ টি Certificate Course চালু আছে, বিদ্যামন্দিরে বিভিন্ন বিষয়ে মোট গবেষকের সংখ্যা প্রায় ১০০ জন, Computer Science বিভাগেও গবেষণার কাজ শুরু হয়েছে এবং

২০২৫ সালে বিদ্যামন্দির বিশেষ শিরোপা DSI অর্জন করেছে। ছাত্র-বৃত্তি ও স্বাস্থ্য প্রকল্পে প্রাক্তনী সংসদের কাছ থেকে বিদ্যামন্দির যে অনেক সাহায্য পেয়েছে সেকথাও উল্লেখ করেন। এরপর সভায় ২০২৪-২৫ আর্থিক বছরে প্রাক্তনী সংসদের কার্যাবলী ও আয়-ব্যয়ের হিসাব দুটি পৃথক প্রতিবেদনের মাধ্যমে পেশ করা হয়। সবিস্তার আলোচনার পর এই প্রতিবেদন দুটি সভায় গৃহীত ও অনুমোদিত হয়। উল্লেখ্য, এই সভায় উপস্থিত সদস্যরা সর্বসম্মতিক্রমে ২০২৫-২৬ আর্থিক বছরের জন্য কলকাতার M/s T. K. Das & Associates সংস্থাকে Auditor হিসাবে পুনরায় নিয়োগ করেন।



আচার্য ঋণ স্বীকার প্রকল্পে অধ্যক্ষ মহারাজের হাতে চেক প্রদান

‘আচার্য ঋণ স্বীকার প্রকল্প’-এ বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজের হাতে মোট ৩৮,৫০১ টাকা তুলে দেন বিদ্যামন্দির-প্রাক্তনী শ্রী গৌতম ঘোষ। সংসদ সভাপতি শ্রী তপন কুমার ঘোষ মহাশয় উপস্থিত সকল প্রাক্তনীকে অভিনন্দন জানান, বিদ্যামন্দিরের অধ্যক্ষ ও উপাধ্যক্ষ মহারাজের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং কার্যকরী সমিতির কার্যকলাপ নিয়ে সন্তোষ প্রকাশ করেন। তার সঙ্গে সভায় আগত প্রাক্তনীদের উপস্থিতির সংখ্যা কম হওয়ায় দুঃখ প্রকাশ করেন। আগামী ১ ফেব্রুয়ারি, ২০২৬ তারিখে পুনর্মিলন উৎসবের কথা সভায় জানানো হয়। (পরে তারিখটি পরিবর্তিত হয়ে ৮ ফেব্রুয়ারি, ২০২৬ হয়েছে)। এই অনুষ্ঠানে যত বেশি সংখ্যক সম্ভব প্রাক্তনীদের উপস্থিত থাকার আহ্বান জানানো হয়। এরপর আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন প্রাক্তনী সংসদের অন্যতম সহ-সভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য মহাশয়। পরিশেষে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীত গাওয়ার পর সংসদের সভাপতি মহাশয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

প্রাক্তনী সংসদ সমাচার

রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সব প্রকল্পগুলি দীর্ঘদিন ধরে নিয়ম অনুযায়ী কাজ করে চলেছে। এই কর্মযজ্ঞের একটি সংক্ষিপ্ত রূপরেখা দেওয়া হল।

ছাত্রবৃত্তি প্রকল্প : এই প্রকল্পে বিগত অর্থবর্ষে বিদ্যামন্দিরে পাঠরত ৭৩ জন ছাত্রদের জন্য ১০,২৭,৫০০ টাকা ব্যয় হয়েছে। এই খাতে ২০২৩-২৪ অর্থবর্ষে সংসদের পক্ষ থেকে ৬১ জন বিদ্যামন্দিরের ছাত্রদের জন্য ৭,৫৮,৮০০ টাকা দেওয়া হয়েছিল। এ ছাড়া ২৫,০০০ টাকা

বিদ্যামন্দিরের ৩জন সদ্য প্রাক্তনীদের উচ্চশিক্ষার জন্য ব্যয় করা হয়েছে। এছাড়া বিদ্যামন্দিরের বাইরে, অন্যান্য প্রতিষ্ঠানের ৩৯ জন ছাত্র-ছাত্রীকে ১,৩০,০০০ টাকা অনুদান দেওয়া হয়েছে। বিদ্যামন্দিরের বর্তমান ছাত্রদের দেয় বৃত্তির তথ্য সংসদের ওয়েবসাইটে পাওয়া যাবে। ছাত্রবৃত্তি প্রকল্পে সাহায্যের জন্য প্রয়োজন বেড়েই চলেছে। আমরা নিয়মিত বিদ্যামন্দিরের বাইরের ছাত্রদের কাছ থেকেও আবেদন পেয়ে থাকি। বিভিন্ন শিক্ষাবর্ষের প্রাক্তনীগণ ছাত্রবৃত্তি

প্রকল্পে নিয়মিত অর্থ সাহায্য করে চলেছেন। সংসদের পক্ষ থেকে এঁদের সকলকে আন্তরিক অভিনন্দন ও ধন্যবাদ জানাই।

রানী রাসমণি স্মারক বক্তৃতা : অন্যান্য বছরের মত রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ আয়োজিত ‘রানী রাসমণি স্মারক বক্তৃতা’ অনুষ্ঠিত হয়ে গেল গত ১৫ আগস্ট ২০২৫ সকাল ১১.৩০ থেকে বিদ্যামন্দিরে বিবেকানন্দ সভাগৃহে। বক্তা ছিলেন কর্নেল ডাঃ অনিন্দিতা চট্টোপাধ্যায়। এই বৎসরের বক্তৃতার বিষয় ছিল ‘ভারতবর্ষের প্রতিরক্ষায় নারীদের ভূমিকা’।



রানী রাসমণি স্মারক বক্তৃতারত
কর্নেল ডাঃ অনিন্দিতা চট্টোপাধ্যায়

তিনি প্রতিরক্ষায় ভারতীয় নারীদের বর্তমান অবস্থার উপর একটি সংক্ষিপ্ত প্রতিবেদন তুলে ধরেন। এরপর প্রশ্নোত্তর পর্বে বর্তমান ছাত্রদের সকল জিজ্ঞাসার উত্তর দেন। এছাড়াও সভায় বক্তব্য রাখেন রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ, উপাধ্যক্ষ ব্রঃ তত্ত্বচৈতন্য এবং প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ প্রমুখ। সভায় স্বাগত ভাষণ দেন প্রাক্তনী সংসদের সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার। এই অনুষ্ঠানটি খুবই মনোজ্ঞ ও তথ্যসমৃদ্ধ ছিল, যা সকলকে মুগ্ধ করে।

বার্ষিক সাধারণ সভা : বিদ্যামন্দিরের প্রাক্তনী সংসদের এই ৩৮-তম বার্ষিক সাধারণ সভা

গত ১৫ আগস্ট, ২০২৫ দুপুর ২.৩০ মিনিট থেকে চিরাচরিত প্রথা মেনে বিদ্যামন্দিরের বিবেকানন্দ হলে অনুষ্ঠিত হয়। এই সভায় প্রায় ৮০ জন প্রাক্তনী উপস্থিত ছিলেন। এই সভার বিবরণ প্রাক্তনীবার্তায় পৃথকভাবে দেওয়া হয়েছে।

অতঃপর বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজ বিগত এক বছরে বিদ্যামন্দিরের উল্লেখযোগ্য কার্যাবলীর বিবরণ দেন। তাঁর এই বিবরণ থেকে জানা যায় যে, ২০২৪-২৫ শিক্ষাবর্ষে আমাদের গর্বের বিদ্যামন্দির NIRF-এর College Category-তে ১৯-তম স্থান পেয়েছে। তিনি আরও উল্লেখ করেন যে, নেতাজী সুভাষচন্দ্র বসুর স্মৃতি বিজড়িত বিদ্যামন্দিরের দ্বিতীয় ক্যাম্পাস Bose House, রিষড়ায় অনলাইন ও অফলাইন মিলিয়ে বেশ কিছু সংখ্যক certificate course চালু হয়েছে।

এরপর সভায় ২০২৪-২৫ আর্থিক বছরে প্রাক্তনী সংসদের কার্যাবলী ও আয়-ব্যয়ের হিসাব দুটি পৃথক প্রতিবেদনের মাধ্যমে পেশ করা হয়। সবিস্তার আলোচনার পর এই প্রতিবেদন দুটি সভায় গৃহীত ও অনুমোদিত হয়। উল্লেখ্য, এই সভায় উপস্থিত সদস্যরা সর্বসম্মতিক্রমে ২০২৫-২৬ আর্থিক বছরের জন্য কলকাতার M/s T. K. Das & Associates সংস্থাকে Auditor হিসাবে পুনরায় নিয়োগ করেন।

এবারেও প্রাক্তনী শ্রী তুলসীদাস বন্দ্যোপাধ্যায়ের সতীর্থদের পক্ষ থেকে শ্রী গৌতম ঘোষ প্রতিবারের মতো “আচার্য ঋণ স্বীকার প্রকল্প”-এ অনুদান বাবদ ৩৮৫০১ টাকা বিদ্যামন্দিরের অধ্যক্ষ মহারাজের হাতে তুলে দেন।

প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ বলেন যে, প্রাক্তনী সংসদ মূলত বিদ্যামন্দির ও সমাজের পাশে থেকে কাজ করে চলেছে। তিনি আশা করেন যে, স্বামীজীর স্বপ্নকে বাস্তবায়িত করতে আমাদের আরও এগিয়ে যেতে হবে। বক্তব্যের শেষে তিনি

প্রত্যেক প্রাজ্ঞনীকে অভিনন্দন জানান কারণ প্রাজ্ঞনীরা যে সাহায্য করেন তার জন্যই প্রাজ্ঞনী সংসদ বহুবিধ কাজ করার সুযোগ পায়। এরপর আনুষ্ঠানিক ধন্যবাদ জ্ঞাপন করেন প্রাজ্ঞনী সংসদের অন্যতম সহসভাপতি শ্রী মনোজ কুমার ভট্টাচার্য্য। পরিশেষে সমবেত কণ্ঠে জাতীয় সঙ্গীতের পর সংসদের সভাপতি মহাশয় সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা : রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাজ্ঞনী সংসদের উদ্যোগে চতুর্থ 'স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা' অনুষ্ঠিত হয়েছে মার্চ মাসে কাটিহার রামকৃষ্ণ মিশন আশ্রমে। পঞ্চম 'স্বামী শিবময়ানন্দ স্মারক বক্তৃতা' অনুষ্ঠিত হবে ১৭ জানুয়ারি রহড়া রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ শতবার্ষিকী কলেজে।

সেবাকার্য : বিগত ১৩ সেপ্টেম্বর ২০২৫, শনিবার, রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাজ্ঞনী সংসদের উদ্যোগে পশ্চিম মেদিনীপুর জেলার যথাক্রমে ঝাড়গ্রাম এবং লালগড়ে একটি সামাজিক সেবাকার্য অনুষ্ঠিত হয়। এই সেবাকার্যের অংশ হিসাবে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির (একলব্য মডেল আবাসিক বিদ্যালয়), ঝাড়গ্রামের পাঁচজন প্রাক্তন ছাত্র-ছাত্রীকে বৃত্তি প্রদান করা হয়েছিল যারা বর্তমানে বিভিন্ন কলেজে পাঠরত। রামকৃষ্ণ মিশন আশ্রম, ঝাড়গ্রামের সচিব স্বামী বেদপুরুষানন্দ এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাজ্ঞনী সংসদের সদস্যদের উপস্থিতিতে এই বৃত্তি প্রদান করা হয়। দ্বিতীয় কর্মসূচিটি ছিল পশ্চিম মেদিনীপুরের লালগড়ে। লালগড়ের রামকৃষ্ণ মঠের মাধ্যমে বিভিন্ন কলেজে উচ্চশিক্ষা গ্রহণকারী পাঁচজন শিক্ষার্থীকে বৃত্তি প্রদান করা হয়। এই দিনের তৃতীয় কর্মসূচিটি ছিল পশ্চিম মেদিনীপুরের রামগড়ে। লালগড়ের কাছে রামগড়ে অন্ত্যজ মানুষদের মধ্যে মহিলাদের জন্য একশোটি শাড়ি ও পুরুষদের মধ্যে পঞ্চাশটি লুঙ্গি বিতরণ করা হয়। লালগড়ের রামকৃষ্ণ মঠের অধ্যক্ষ স্বামী

দেববরানন্দের সক্রিয় সহায়তায় এই সামাজিক সেবাকার্যটি পরিচালিত হয়েছিল।

এদিনের অনুষ্ঠানে সংসদের পক্ষে উপস্থিত ছিলেন সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, যুগ্ম-সম্পাদক শ্রী অনুপ কুমার দাস, শ্রী শুভজিৎ দত্ত, কার্যনির্বাহী সমিতির অন্যতম সদস্য শ্রী সুশান্ত দে, শ্রী আশীষ কুমার সিনহা এবং সংসদের অংশকালীন কর্মী শ্রী মৈনাক ঘোষ।

স্বামী প্রভানন্দ স্মারক গবেষণা বক্তৃতা : রামকৃষ্ণ মঠ ও রামকৃষ্ণ মিশনের অন্যতম সহ-সজ্জাধ্যক্ষ পরম পূজনীয় স্বামী প্রভানন্দজী মহারাজের স্মরণে প্রাজ্ঞনী সংসদের পক্ষ থেকে গবেষণাধর্মী কার্যে উৎসাহ প্রদান ও গবেষণার পরিকাঠামো উন্নয়নের জন্য একটি তহবিল গঠন করা হয়েছে।



স্বামী প্রভানন্দ স্মারক বক্তৃতারত
অধ্যাপক প্রজিত কুমার পালিত

এছাড়াও রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাজ্ঞনী সংসদের উদ্যোগে ২২ নভেম্বর ২০২৫, শনিবার দ্বিতীয় 'স্বামী প্রভানন্দ স্মারক বক্তৃতা' অনুষ্ঠিত হল বিদ্যামন্দিরের বোস হাউস প্রাঙ্গণে। বক্তৃতার বিষয় নির্বাচন করা হয়েছিল 'বুদ্ধ ও বিবেকানন্দ — সমকালীন বীক্ষণ'। বক্তা ছিলেন আসাম বিশ্ববিদ্যালয়ের ইতিহাসের অধ্যাপক প্রজিত কুমার পালিত। তিনি এই গবেষণাধর্মী বক্তব্যে স্বামী বিবেকানন্দের উপর গৌতম বুদ্ধের প্রভাব সম্পর্কে আলোকপাত করেন। সমাপ্তি ভাষণে রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির বোস হাউস ক্যাম্পাসের কার্যক্রমের সারসংক্ষেপ প্রদান করেন স্বামী উমাপদানন্দ। এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ এবং প্রাজ্ঞনী

সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ, দুই সহ-সভাপতি শ্রী মনোজ ভট্টাচার্য ও শ্রী কল্যাণ ব্যানার্জী, সম্পাদক শ্রী শুভেন্দু মজুমদার, শ্রী অনুপ কুমার দাস প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ।

স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতা : রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের আয়োজনে ৩০ আগস্ট, ২০২৫ স্মারক বক্তৃতাটি প্রদান করেন আই.আই.ই.এস.টি শিবপুরের প্রাক্তন অধিকর্তা এবং আই.আই.টি খড়্গপুর-এর প্রাক্তন অধ্যাপক পদ্মশ্রী ড. অজয় কুমার রায়। বিদ্যামন্দিরের শিল্প রসায়ন বিভাগের প্রধান ও বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের অন্যতম সদস্য অধ্যাপক উত্তম কুমার ঘোড়াই সকলের সাথে অধ্যাপক অজয় কুমার রায়ের পরিচয় করিয়ে দেন। অধ্যাপক রায় মানুষের কল্যাণে বিজ্ঞানের ব্যবহারের কথা বলেছেন। তাঁর বক্তৃতা শ্রোতাদের অত্যন্ত মুগ্ধ করেছিল। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন বিদ্যামন্দিরের অধ্যক্ষ স্বামী মহাপ্রজ্ঞানন্দ, উপাধ্যক্ষ ব্রহ্মচারী তত্ত্বচৈতন্য মহারাজ ও বিদ্যামন্দির প্রাক্তনী সংসদের সভাপতি শ্রী তপন কুমার ঘোষ, সহ-সভাপতি শ্রী মনোজ ভট্টাচার্য, শ্রী কল্যাণ ব্যানার্জী, শ্রী শুভেন্দু মজুমদার প্রমুখ বিশিষ্ট ব্যক্তিবর্গ।



স্বামী তেজসানন্দ স্মারক বক্তৃতারত
অধ্যাপক অজয় কুমার রায়

স্বামী তেজসানন্দ স্মারক কুইজ প্রতিযোগিতা: রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দির প্রাক্তনী সংসদ এবং রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের যৌথ আয়োজনে ৩০ আগস্ট, ২০২৫ সকাল ১১টা থেকে অনুষ্ঠিত হল 'স্বামী তেজসানন্দ স্মারক কুইজ

প্রতিযোগিতা'। স্বামী বিবেকানন্দের জীবন ও বাণীর উপর আয়োজিত এই প্রতিযোগিতার প্রাথমিক বাছাই পর্বে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানের মোট ৪১টি দল প্রতিযোগিতার প্রাথমিক পর্বে অংশ নেয়। এই প্রতিযোগিতার মূল পর্বে মোট ৮টি দল থেকে ৬টি পর্বের শেষে বিজয়ী দল হিসাবে দেবেন্দ্রনাথ দত্ত-শিবরাণী দত্ত স্মারক পুরস্কার প্রদান করা হয় রামকৃষ্ণ মিশন বিদ্যামন্দিরের ছাত্রদের। দ্বিতীয় স্থানে থেকে রানার্স আপ দল হিসাবে বিক্রমজিৎ বস্ট্রী-নীলিমা বস্ট্রী স্মারক পুরস্কার লাভ করে টেকনো ইন্ডিয়া মেইন ক্যাম্পাস, সল্টলেকের ছাত্র-ছাত্রীরা। অংশগ্রহণকারী প্রত্যেক ছাত্র-ছাত্রীর হাতে স্মারক উপহার তুলে দেওয়া হয় এবং প্রত্যেককে শংসাপত্র প্রদান করা হয়।



স্বামী তেজসানন্দ স্মারক কুইজে অংশগ্রহণকারী ছাত্র-ছাত্রীরা (উপরে), কুইজের শেষে পুরস্কার বিতরণী অনুষ্ঠান (নিচে)

স্বাস্থ্য প্রকল্প : বিগত দিনের পরিস্থিতি পর্যালোচনা করে লক্ষ্য করা যাচ্ছে যে

বিদ্যামন্দির পরিবারের অন্তর্গত ছাত্র ও শিক্ষাকর্মী বা ছাত্রাবাসকর্মীদের স্বাস্থ্য প্রকল্পের তহবিল থেকে সাহায্যের প্রয়োজন রয়েছে। বিগত আগস্ট মাস থেকে ডিসেম্বর মাসের মধ্যে সংসদের পক্ষ থেকে মোট ৫০০০ টাকা শ্রমজীবী কর্তৃপক্ষের হাতে স্বাস্থ্য সেবার জন্য তুলে দেওয়া হয়।

স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার : বিগত শিক্ষাবর্ষে 'স্বামী তেজসানন্দ স্মারক পুরস্কার' প্রদান করা হয় দুই জন ছাত্রকে—কলা

বিভাগের ছাত্র শ্রী শ্রেয়ান পাখিরা ও বিজ্ঞান বিভাগের ছাত্র শ্রী সম্মিত মজুমদার। প্রাক্তনী সংসদের এই বিশাল কর্মযজ্ঞে সংসদের বিভিন্ন প্রকল্পের সঙ্গে প্রত্যক্ষ ও পরোক্ষভাবে যুক্ত সকল প্রাক্তনী ও শুভানুধ্যায়ীদের সংসদের পক্ষ থেকে জানাই আন্তরিক শুভেচ্ছা, অভিনন্দন ও বিনম্র কৃতজ্ঞতা।

—শ্রী শুভেন্দু মজুমদার (কর্মসচিব)

DETAILS OF SCHOLARSHIPS AWARDED TO THE PRESENT STUDENTS OF VIDYAMANDIRA DURING FY 2024-2025
SCHOLARSHIP TO JUST PASSED OUT OR NEWLY ADMITTED STUDENTS

NAME OF THE STUDENT	SUBJECT	YEAR	AMOUNT
SW VIMUKTANANDA - DHYANATMANANDA MEMORIAL SCHOLARSHIP - Rs.1,89,000/-			
BISWAJIT DAS	APP. CHEM.	PG-II	₹ 18,000
SHEMUL BISWAS	APP. CHEM.	PG-II	₹ 11,000
ABHIJIT MONDAL	BENGALI	PG-II	₹ 21,625
NASIR UDDIN SHEIKH	HISTORY	PG-II	₹ 18,790
SUSHANTA MONDAL	HISTORY	PG-II	₹ 22,000
AYANDIP MAITY	HISTORY	PG-II	₹ 25,000
PRANAB KUMAR SUTAR	HISTORY	PG-II	₹ 20,000
NAZRUL ISLAM	PHILOSOPHY	PG-II	₹ 17,400
KUSH PAHARY	PHILOSOPHY	PG-II	₹ 26,600
RUBEL SK	PHILOSOPHY	PG-II	₹ 8,585
ASHA - JYOTI MEMORIAL SCHOLARSHIP - Rs.9,500/-			
RUBEL SK	PHILOSOPHY	PG-II	₹ 5,925
ASHIS ROY	PHILOSOPHY	PG-II	₹ 3,575
GRADUATES OF 1971 SCHOLARSHIP FUND - Rs.2,56,000/-			
ASHIS ROY	PHILOSOPHY	PG-II	₹ 46,395
NOOR ALAM MONDAL	PHILOSOPHY	PG-II	₹ 18,650
RAHIT MONDAL	PHILOSOPHY	PG-II	₹ 39,300
PRADIP DEY	PHILOSOPHY	PG-II	₹ 25,000
ADITYA KAYAL	PHILOSOPHY	PG-II	₹ 20,590
RUBEL SK	PHILOSOPHY	PG-II	₹ 9,100
PALLAB MONDAL	PHILOSOPHY	PG-II	₹ 11,500
PALASH CHAKRABORTY	SANSKRIT	PG-II	₹ 24,240
SOUMITRA MANDAL	SANSKRIT	PG-II	₹ 3,400
PRASENJIT BISWAS	BENGALI	UG-III	₹ 32,830
BIKRAMJIT NANDI	BENGALI	UG-III	₹ 11,000
BAPAN MONDAL	BENGALI	UG-III	₹ 13,995

1971-74 GRADUATES SCHOLARSHIP FUND - Rs.84,000/-			
BAPAN MONDAL	BENGALI	UG-III	₹ 24,005
DEEP CHATTERJEE	BENGALI	UG-III	₹ 2,000
KRISHNENDU HAIT	BENGALI	UG-II	₹ 3,400
JOY SEULI	BENGALI	UG-II	₹ 3,400
SUBHAJIT MONDAL	CHEMISTRY	UG-III	₹ 27,000
SITAJ BAG	HISTORY	UG-II	₹ 3,400
SUVADIP GAYEN	HISTORY	UG-II	₹ 3,400
SWAGATA MANDAL	HISTORY	UG-II	₹ 3,400
SUBHANKAR RAY	HISTORY	UG-II	₹ 3,400
MOMIN MONDAL	HISTORY	UG-III	₹ 10,595
1976-79 GRADUATES SCHOLARSHIP - Rs.1,39,500/-			
MOMIN MONDAL	HISTORY	UG-III	₹ 2,509
MOMIN MONDAL	HISTORY	UG-III	₹ 6,600
SURENDRANATH MURMU	HISTORY	UG-III	₹ 9,200
DIGANTA MONDAL	IND. CHEM.	UG-III	₹ 18,000
KANAK SAHOO	IND. CHEM.	UG-III	₹ 25,000
SUMON SEN	IND. CHEM.	UG-III	₹ 25,000
DEBAYAN MISRA	IND. CHEM.	UG-III	₹ 9,000
ASHIS ROY	PHILOSOPHY	UG-III	₹ 16,600
SAGAR ADHIKARI	PHILOSOPHY	UG-III	₹ 12,000
PALLAB PAUL	PHILOSOPHY	UG-III	₹ 15,591
1981-84 BATCH SCHOLARSHIP - Rs.40,000/-			
PALLAB PAUL	PHILOSOPHY	UG-III	₹ 14,659
RAHINI HEMBRAM	PHILOSOPHY	UG-III	₹ 25,000
ALOMGIR MONDAL	POL. SC.	UG-III	₹ 341
BELUR RKMV 1984-86 BATCH SCHOLARSHIP - Rs.18,500/-			
ALOMGIR MONDAL	POL. SC.	UG-III	₹ 14,659
GANESH MURMU	POL. SC.	UG-III	₹ 3,841
1989-91 HS BATCH SCHOLARSHIP - Rs.41,000/-			
GANESH MURMU	POL. SC.	UG-III	₹ 31,159
UTTAM MONDAL	POL. SC.	UG-III	₹ 9,841
2008 GRADUATES SCHOLARSHIP - Rs.47,000/-			
UTTAM MONDAL	POL. SC.	UG-III	₹ 18,159
SAKIB RAJA	POL. SC.	UG-III	₹ 28,841
2006-2009 BATCH SCHOLARSHIP - Rs.7,500/-			
SAKIB RAJA	POL. SC.	UG-III	₹ 4,979
BISWAJIT DAS	POL. SC.	UG-III	₹ 2,521
TARAPADA & NIRMALA BASU MEMORIAL SCHOLARSHIP - Rs.29,000/-			
BISWAJIT DAS	POL. SC.	UG-III	₹ 1,479
ALAMGIR MONDAL	POL. SC.	UG-III	₹ 4,700
AKASH NAYAK	POL. SC.	UG-II	₹ 5,400
SUBHAJIT DE	SANSKRIT	UG-III	₹ 17,421
SOUVIK PAUL MEMORIAL SCHOLARSHIP - Rs.9,500/-			
SUBHAJIT DE	SANSKRIT	UG-III	₹ 9,500
PARESH NATH DUTTA - BANDANA DUTTA SCHOLARSHIP - Rs.9,500/-			
SUBHAJIT DE	SANSKRIT	UG-III	₹ 9,500

GIRIDHARI GHOSH - USHARANI GHOSH MEMORIAL SCH. - Rs.10,000/-			
SUBHAJIT DE	SANSKRIT	UG-III	₹ 10,000
PRADIP KUMAR MITRA MEMORIAL SCHOLARSHIP - Rs.14,500/-			
SUBHAJIT DE	SANSKRIT	UG-III	₹ 3,379
SAGAR ADHIKARI	SANSKRIT	UG-III	₹ 11,121
SHIBANI GHOSH APARNA GHOSH MEMORIAL SCHOLARSHIP - Rs.9,500/-			
SAGAR ADHIKARI	SANSKRIT	UG-III	₹ 9,500
ANIL KR SINHA ROY & NAMITA SINHA ROY MEMORIAL SCH. - Rs.9,500/-			
SAGAR ADHIKARI	SANSKRIT	UG-III	₹ 9,500
NIRMALENDU SASMAL MEMORIAL SCHOLARSHIP - Rs.96,500/-			
SAGAR ADHIKARI	SANSKRIT	UG-III	₹ 879
SUSHANTA KHATUA	SANSKRIT	UG-III	₹ 40,900
PRITAM PAL	SANSKRIT	UG-II	₹ 3,400
NILADRI BANDYOPADHYAY	SANSKRIT	UG-II	₹ 3,400
SUMAN KARAR	ZOOLOGY	UG-III	₹ 47,921
BHUPATI PANJA MEMORIAL SCHOLARSHIP - Rs.7,500/-			
ARGHYA DUTTA	IND. CHEM.	UG-I	₹ 7,500
TOTAL AMOUNT OF SCHOLARSHIPS AWARDED			₹ 10,27,500

Donations to Permanent Endowment Funds now require a consent form to be submitted by the donor. The blank form can be downloaded from Alumni website at www.alumnividyamandira.in or from the Facebook page of the Alumni Association. Donors are requested to take a printout of the consent form, duly fill the form and send us the form either by post or courier. They may also send a scanned copy of the consent form by email to alumnividyamandira@gmail.com or to Alumni WhatsApp no. 7003615034.

